“আমার পূর্বে আল্লাহ তা’আলা যে নবীকেই কোন উম্মতের মধ্যে পাঠিয়েছেন, তাদের মধ্যে তাঁর জন্য একদল অনুসারী ও সাহাবা ছিল। তারা তাঁর সুন্নাতকে গ্রহণ করত এবং তাঁর নির্দেশের অনুসরণ করত

আবদুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমার পূর্বে আল্লাহ তা’আলা যে নবীকেই কোন উম্মতের মধ্যে পাঠিয়েছেন, তাদের মধ্যে তাঁর জন্য একদল অনুসারী ও সাহাবা ছিল। তারা তাঁর সুন্নাতকে গ্রহণ করত এবং তাঁর নির্দেশের অনুসরণ করত। অতঃপর তাদের পরবর্তিতে কতগুলো মন্দ লোক স্থলাভিষিক্ত হয়। তারা মুখে যা বলে নিজেরা তা করে না। আর যা করে
তার জন্য তাদেরকে নির্দেশ করা হয়নি। অতএব যে ব্যক্তি তাদের হাত (শক্তি) দ্বারা মুকাবিলা করবে, সে মু’মিন। যে ব্যাক্তি জিহ্বা (মুখ) দ্বারা মুকাবিলা করবে সে মু’মিন
এবং যে ব্যাক্তি অন্তর দ্বারা মুকাবিলা করবে সেও মু’মিন এরপর আর সরিষার দানা পরিমাণও ঈমানের স্তর নেই”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, তাঁর পূর্বে প্রেরিত প্রতিটি নবীর উম্মতের মধ্যে এমন বিশিষ্ট অনুসারী, সাহায্যকারী এবং নিবেদিতপ্রাণ মুজাহিদ ছিলেন যারা তাঁর পরে খিলাফতের যোগ্য ছিলেন, যারা তাঁর সুন্নাহ অনুসরণ করতেন এবং তাঁর আদেশ মানতেন। তারপর সেই নেককার পূর্বসূরিদের পরে এমন লোক আসে যাদের মধ্যে কোন কল্যাণ নেই। তারা যা বলে তা করে না এবং তারা তাই করে যা তাদের আদেশ করা হয়নি। কাজেই যে তাদের বিরুদ্ধে হাত দিয়ে জিহাদ করে সে মুমিন, যে জিহ্বা দিয়ে তাদের বিরুদ্ধে জিহাদ করে সে মুমিন এবং যে অন্তর দিয়ে তাদের বিরুদ্ধে জিহাদ করে সে মুমিন এবং এর বাইরে সরিষা দানার পরিমাণও ঈমান নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/3480